দৈনিক
ইনকিলাব

4 AUG 2009
পৃষ্ঠা ... কলাম ... ৭ ...

জেলায় জেলায় পাবলিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে হবে -সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংকট নিরসনে জেলায় জেলায় পূর্ণাঙ্গ ও স্বায়ত্তশাসিত পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপন করে কলেজগুলোকে অধিভুক্ত করা, দেশের ঐতিহ্যবাহী প্রধান কলেজসমূহকে পূর্ণাঙ্গ ও স্বায়ত্তশাসিত পাবলিক বিশ্ববিদ্যালয়ে পরিণত করাসহ ৮ দফা দাবীতে মাসব্যাপী কর্মসূচি ঘোষণা করেছে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট। গতকাল (সোমবার) দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুরক্যান্টিনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই কর্মসূচি ঘোষণা করে সংগঠনটি। জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজসমূহের আন্দোলিত জনগোলশন উপলক্ষে এই কর্মসূচি ঘোষণা করা হয়। ৮ দফা দাবীর মধ্যে আরো রয়েছে স্বতন্ত্র পরীক্ষার হল ও ক্লাসরুম নির্মাণ এবং পর্যাপ্ত শিক্ষক নিয়োগ করে কলেজগুলোতে সারাবছর ক্লাস চালু রাখা, আবাসন-পরিবহন সংকট নিরসন করা। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক জনার্দন দত্ত মন্টু। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কমিটির সভাপতি ফখরুদ্দিন কবির আতিক, সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান তমাল, দপ্তর সম্পাদক ইমরান হাবিব রুমন, অর্থ সম্পাদক রাহাত আহমেদ, মলয় সরকার, শম্পা বসু প্রমুখ। লিখিত বক্তব্যে জনার্দন দত্ত মন্টু বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয় এদেশের উচ্চশিক্ষার প্রধান প্রতিষ্ঠান অন্তত ছাত্র সংখ্যার বিচারে। এ বিশ্ববিদ্যালয় প্রায় ১৮ শতাধিক কলেজকে পরিচালনা করে, যেখানে ১০ লক্ষাধিক ছাত্র-ছাত্রী অধ্যয়নরত। অথচ এই ডিগ্রী-অনার্স-মাস্টার্স কলেজগুলোতে উচ্চশিক্ষা দূরের কথা, সাধারণ পাঠদানও ঠিকমত হয় না। বছরের বেশীর ভাগ সময় কলেজগুলোতে ক্লাস বন্ধ থাকে পরীক্ষার কারণে। যাকি সময়ও ঠিকমত ক্লাস হয় না পর্যাপ্ত শিক্ষক ও ক্লাসরুমের অভাবে। হল-হোস্টেলের অভাবে মেসে থাকার খরচ যোগাতে হিমশিম খেতে হয় ছাত্র-ছাত্রীদের। দূর-দূরান্তের ছাত্র-ছাত্রীদের জন্য পরিবহনের ব্যবস্থা নেই বেশীর ভাগ কলেজে। লাইব্রেরি-সেমিনার-ল্যাবরেটরিসহ উচ্চ শিক্ষার আয়োজন পর্যাপ্ত নয়। অথচ বছর বছর বাড়ছে বেতন-ফি। বাস্তবে জ্ঞানচর্চা ও গবেষণার পরিবর্তে কলেজগুলো পরিণত হয়েছে পরীক্ষা কেন্দ্রে। অবিলম্বে বিরাজমান সমস্যা সমাধানে সরকারকে উদ্যোগী হওয়ার আহ্বান জানানো হয়। সংবাদ সম্মেলন শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগে সান্ধ্যকালীন কোর্স চালুর সিদ্ধান্ত বাতিল এবং ছাত্র-ছাত্রীদের হয়রানি বন্ধের দাবীতে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করা হয়।